ধরি $x^{-\frac{2}{3}} = z$. তাহলে $-\frac{2}{3}x^{-\frac{5}{3}}dx = dz$

$$\Rightarrow -\frac{2}{3}x^{-\frac{2}{3}}\frac{dx}{x} = dz \Rightarrow -\frac{2}{3}z\frac{dx}{x} = dz$$

$$\Rightarrow \frac{dx}{x} = -\frac{3}{2}\frac{dz}{z}$$

সীমা : $x = 8$ হলে $z = 2^{-2} = \frac{1}{4}$ এবং

$x = 27$ হলে $z = 3^{-2} = \frac{1}{9}$

$$\therefore \int_8^{27}\frac{dx}{x - x^{1/3}} = -\frac{3}{2}\int_{1/4}^{1/9}\frac{dz}{z(1-z)}$$

$$= \frac{3}{2}\int_{1/4}^{1/9}\{\frac{1}{z-1} - \frac{1}{z}\}dz$$

$$= \frac{3}{2}[\ln|z-1| - \ln|z|]_{1/4}^{1/9} = \frac{3}{2}\left[\ln\left|\frac{z-1}{z}\right|\right]_{1/4}^{1/9}$$

$$= \frac{3}{2}\{\ln\left|\frac{\frac{1}{9}-1}{\frac{1}{9}}\right| - \ln\left|\frac{\frac{1}{4}-1}{\frac{1}{4}}\right|\}$$

$$= \frac{3}{2}\{\ln|-8| - \ln|-3|\} = \frac{3}{2}(\ln 8 - \ln 3)$$

$$= \frac{3}{2}\ln\frac{8}{3}$$

**39.** $\int_{-1}^{1}\frac{1-x}{1+x}dx$ [প্র.ভ.প.'৮৪]

$$= \int_{-1}^{1}\frac{-(1+x)+2}{1+x}dx = \int_{-1}^{1}(-1 + \frac{2}{1+x})dx$$

$$= [-x + 2\ln|1+x|]_{-1}^{1}$$

$$= -1 + 2\ln|1+1| - (1 + 2\ln|1-1|)$$

$$= -1 + 2\ln 2 - 1 - 2\ln 0$$

$$= 2(\ln 2 - 1)$$

**40.** ধরি, $I = \int_{-\pi/4}^{\pi/4}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^x + 1)\cos^2 x}dx \quad (a > 0)$

$$= \int_{-\pi/4}^{0}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^x + 1)\cos^2 x}dx + \int_0^{\pi/4}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^x + 1)\cos^2 x}dx$$

$= I_1 + I_2$ , যেখানে

$$I_1 = \int_{-\pi/4}^{0}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^x + 1)\cos^2 x}dx = -\int_0^{-\pi/4}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^x + 1)\cos^2 x}dx$$

ধরি, $x = -y$ তাহলে $dx = -dy$

সীমা : $x=0$ হলে $y=0$ এবং $x=-\frac{\pi}{4}$ হলে $y=\frac{\pi}{4}$

$$\therefore I_1 = \int_0^{\pi/4}\frac{\sec^6 y - \tan^6 y}{(a^{-y}+1)\cos^2 y}dy = \int_0^{\pi/4}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^{-x}+1)\cos^2 x}dx$$

$$\therefore I = \int_0^{\pi/4}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^{-x}+1)\cos^2 x}dx + \int_0^{\pi/4}\frac{\sec^6 x - \tan^6 x}{(a^x + 1)\cos^2 x}dx$$

$$= \int_0^{\pi/4}(\frac{1}{a^{-x}+1} + \frac{1}{a^x+1})\frac{\sec^6 x - \tan^6 x}{\cos^2 x}dx$$

$$= \int_0^{\pi/4}(\frac{a^x}{1+a^x} + \frac{1}{a^x+1})\frac{(1+\tan^2 x)^3 - \tan^6 x}{\cos^2 x}dx$$

$$= \int_0^{\pi/4}\frac{1+3\tan^2 x+3\tan^4 x+\tan^6 x-\tan^6 x}{\cos^2 x}dx$$

$$= \int_0^{\pi/4}(1+3\tan^2 x+3\tan^4 x)\sec^2 x dx$$

$$= \left[\tan x + 3\frac{\tan^3 x}{3} + 3\frac{\tan^5 x}{5}\right]_0^{\pi/4}$$

$$= (\tan\frac{\pi}{4} + \tan^3\frac{\pi}{4} + \frac{3}{5}\tan^5\frac{\pi}{4}) = 1 + 1 + \frac{3}{5}$$

$= \frac{13}{5}$ (Ans.)

## প্রশ্নমালা X E

**1(a)** $y = 3x$ **সরলরেখা ,** $x$**-অক্ষ এবং কোটি** $x = 2$ **দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**

সমাধান : নির্ণেয় ক্ষেত্রফল = $y = 3x$ সরলরেখা, $x$-অক্ষ এবং $x = 0$ ও $x = 2$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল = $\int_0^2 y\,dx = \int_0^2 3x\,dx$




$$= 3\left[\frac{x^2}{2}\right]_0^2 = \frac{3}{2}(2^2 - 0) = 6 \text{ বর্গ একক।}$$

**1(b) $3x+4y=12$ সরলরেখা এবং স্থানাঙ্কের অক্ষদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [মা.বো.'০৩]**

সমাধান: $3x+4y=12$ অর্থাৎ $y=3-\frac{3}{4}x$ সরলরেখা $x$ অক্ষকে $(4, 0)$ বিন্দুতে ছেদ করে।

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল = প্রদত্ত রেখা, $x$-অক্ষ এবং $x=0$ ও $x=4$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল = $\int_0^4 y\,dx$




$=\int_0^4 (3-\frac{3}{4}x)dx$

$=\left[3x-\frac{3}{4}\cdot\frac{x^2}{2}\right]_0^4 = 12-\frac{3}{8}.16 = 6$ বর্গ একক।

**2(a) $x^2+y^2=a^2$ বৃত্ত দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [য.'০৬,'০৯;ব.'১৩; প্র.ভ.প.'০৪]**

সমাধান ঃ $x^2+y^2=a^2$ বৃত্তের কেন্দ্র মূলবিন্দু ও ব্যাসার্ধ $a$।

$x^2+y^2=a^2$

$\Rightarrow y^2=a^2-x^2$

$\Rightarrow y=\pm\sqrt{a^2-x^2}$




ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল = $y=\sqrt{a^2-x^2}$. বক্ররেখা, $x$-অক্ষ এবং $x=0$ ও $x=$ a রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল = $\int_0^a y\,dx = \int_0^a \sqrt{a^2-x^2}\,dx$

$=\left[\frac{x\sqrt{a^2-x^2}}{2}+\frac{a^2}{2}\sin^{-1}\frac{x}{a}\right]_0^a$

$=\frac{a^2}{2}\sin^{-1}1 = \frac{a^2}{2}.\frac{\pi}{2} = \frac{a^2\pi}{4}$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= 4 \times$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল

$= 4\times\frac{a^2\pi}{4}$ বর্গ একক $= a^2\pi$ বর্গ একক।

**2(b) $x^2+y^2=4$ বৃত্ত দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [ঢা.'০৭]**

সমাধান ঃ $x^2+y^2=4$ বৃত্তের কেন্দ্র মূলবিন্দু ও ব্যাসার্ধ 2

$x^2+y^2=4$

$\Rightarrow y^2=4-x^2$

$\Rightarrow y=\pm\sqrt{4-x^2}$




ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল

$= y=\sqrt{4-x^2}$

বক্ররেখা, $x$-অক্ষ এবং $x=0$ ও $x=2$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$=\int_0^2 y\,dx = \int_0^2 \sqrt{4-x^2}\,dx = \int_0^2 \sqrt{2^2-x^2}\,dx$

$=\left[\frac{x\sqrt{2^2-x^2}}{2}+\frac{2^2}{2}\sin^{-1}\frac{x}{2}\right]_0^2$

$=\frac{4}{2}\sin^{-1}1 = 2.\frac{\pi}{2} = \pi$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= 4 \times$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল

$= 4\pi$ বর্গ একক

**2(c) $x^2+y^2=25$ বৃত্ত এবং $x=3$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষুদ্রতর ক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর।**

**[ঢা.'০৫,'০৯,'১৪; রা.'০৯,'১৪; য.'১৩; কু.,চ.'১৪]**

সমাধান ঃ $x^2+y^2=25$

বৃত্তের কেন্দ্র মূলবিন্দু ও ব্যাসার্ধ 5 ।

$x^2+y^2=25$

$\Rightarrow y^2=25-x^2$

$\Rightarrow y=\pm\sqrt{25-x^2}$




ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল = $y=\sqrt{25-x^2}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x=3$ ও $x=5$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $=\int_3^5 y\,dx$

$=\int_3^5 \sqrt{25-x^2}\,dx = \int_3^5 \sqrt{5^2-x^2}\,dx$

$=\left[\frac{x\sqrt{5^2-x^2}}{2}+\frac{5^2}{2}\sin^{-1}\frac{x}{5}\right]_3^5$

$$= (0 + \frac{25}{2}\sin^{-1} 1) - (\frac{3\sqrt{25-9}}{2} + \frac{25}{2}\sin^{-1}\frac{3}{5})$$

$$= \frac{25}{2}.\frac{\pi}{2} - \frac{3\times4}{2} - \frac{25}{2}\sin^{-1}\frac{3}{5}$$

$$= \frac{25\pi}{4} - 6 - \frac{25}{2}\sin^{-1}\frac{3}{5}$$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= 2\times(\frac{25\pi}{4} - 6 - \frac{25}{2}\sin^{-1}\frac{3}{5})$

$= (\frac{25\pi}{2} - 12 - 25\sin^{-1}\frac{3}{5})$ বর্গ একক।

**2(d) $x^2 + y^2 = 36$ বৃত্ত এবং $x = 5$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষুদ্রতর ক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর।** [প্র.ভ.প.'০৪]

**সমাধান :** $x^2 + y^2 = 36$ বৃত্তের কেন্দ্র মূলবিন্দু ও ব্যাসার্ধ 6 ।




$x^2 + y^2 = 36$

$\Rightarrow y^2 = 36 - x^2$

$\Rightarrow y = \pm\sqrt{36 - x^2}$

ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল $= y = \sqrt{36 - x^2}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 5$ ও $x = 6$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $= \int_5^6 y\, dx$

$$= \int_5^6 \sqrt{36 - x^2}\, dx = \int_5^6 \sqrt{6^2 - x^2}\, dx$$

$$= \left[\frac{x\sqrt{6^2 - x^2}}{2} + \frac{6^2}{2}\sin^{-1}\frac{x}{6}\right]_5^6$$

$$= (0 + \frac{36}{2}\sin^{-1} 1) - (\frac{5\sqrt{36-25}}{2} + \frac{36}{2}\sin^{-1}\frac{5}{6})$$

$$= 18.\frac{\pi}{2} - \frac{5\sqrt{11}}{2} - 18\sin^{-1}\frac{5}{6}$$

$$= 9\pi - \frac{5\sqrt{11}}{2} - 18\sin^{-1}\frac{5}{6}$$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= 2[9\pi - \frac{5\sqrt{11}}{2} - 18\sin^{-1}\frac{5}{6}]$

$= (18\pi - 5\sqrt{11} - 36\sin^{-1}\frac{5}{6})$ বর্গ একক।

**3. $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ উপবৃত্ত দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।** [ঢা.'০২; রা.'০৮; সি.'০৮; দি.'১৪]

**সমাধান ঃ** $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ উপবৃত্তের কেন্দ্র মূলবিন্দু ।




$\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$

$\Rightarrow \frac{y^2}{b^2} = 1 - \frac{x^2}{a^2}$

$\Rightarrow y^2 = \frac{b^2}{a^2}(a^2 - x^2) \Rightarrow y = \pm\frac{b}{a}\sqrt{a^2 - x^2}$

$\therefore$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল =

$y = \frac{b}{a}\sqrt{a^2 - x^2}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 0$ ও $x = a$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল =

=

$= \frac{ab}{2}.\frac{\pi}{2} = \frac{ab\pi}{4}$ বর্গ একক।

$\therefore$ প্রদত্ত উপবৃত্তের ক্ষেত্রফল $= 4 \times$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল $= 4 \quad \frac{ab\pi}{4} = ab\pi$ বর্গ একক ।

**4(a) পরাবৃত্ত এবং $y = 4$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।** [কু.'০১]

**সমাধান ঃ** পরাবৃত্তের শীর্ষবিন্দু

$\Rightarrow$

$\Rightarrow$




$\therefore$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল =

বক্ররেখা, $y$-অক্ষ এবং $y = 0$ ও $y = 4$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল = =

$$=\frac{1}{2}\left[\frac{y^{3/2}}{3/2}\right]_0^4=\frac{1}{2}\times\frac{2}{3}(4)^{\frac{3}{2}}=\frac{1}{3}\times 8=\frac{8}{3}$$ বর্গএকক

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= 2\times$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল

$$=\frac{16}{3}$$ বর্গএকক ।

**4(b) $y^2 = 4x$ পরাবৃত্ত এবং $y = x$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**

**[ঢা.'০৩,'১৩; সি.'০৯; '১১; ব.'১০; চ.,কু.'১৩]**

সমাধান ঃ $y = x$ হতে $y$ এর মান

$y^2 = 4x$ সমীকরণে বসিয়ে পাই,

$x^2 = 4x \Rightarrow x = 0, 4$




$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=$

$y_1 = 2\sqrt{x}$ বক্ররেখা ও $y_2 = x$

সরলরেখা এবং $x = 0$ ও $x = 4$

রেখাদ্বয় দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$=\int_0^4 (y_1 - y_2)\,dx = \int_0^4 (2\sqrt{x} - x)\,dx$$

$$=\left[2\frac{x^{3/2}}{3/2}-\frac{x^2}{2}\right]_0^4 = 2\times\frac{2}{3}(4)^{\frac{3}{2}}-\frac{4^2}{2}$$

$$=\frac{32}{3}-8=\frac{32-24}{3}=\frac{8}{3}$$ বর্গ একক ।

**4(c) $y^2 = 4x$ পরাবৃত্ত এবং $y = 2x$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [য.'০২; চ.'১০]**

সমাধান ঃ $y = 2x$ হতে $y$ এর মান

$y^2 = 4x$ সমীকরণে বসিয়ে পাই,

$y^2 = 4x \Rightarrow x = 0, 1$




$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=$

$y_1 = 2\sqrt{x}$ বক্ররেখা ও

সরলরেখা এবং $x = 0$ ও $x = 1$

রেখাদ্বয় দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$=\int_0^1 (y_1 - y_2)\,dx = \int_0^2 (2\sqrt{x} - 2x)\,dx$$

$$=\left[2\times\frac{x^{3/2}}{3/2}-2.\frac{x^2}{2}\right]_0^1 = 2\times\frac{2}{3}-1$$

$$=\frac{4}{3}-1=\frac{4-3}{3}=\frac{1}{3}$$ বর্গ একক ।

**4(d) $y^2 = 16x$ পরাবৃত্ত এবং $y = x$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [সি.'০২]**

সমাধান ঃ $y = x$ হতে $y$ এর মান

$y^2 = 16x$ সমীকরণে বসিয়ে পাই,

$x^2 = 16x \Rightarrow x = 0, 16$




$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=$

$y_1 = 4\sqrt{x}$ বক্ররেখা ও $y_2 = x$

সরলরেখা এবং $x = 0$ ও $x = 16$

রেখাদ্বয় দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$=\int_0^{16} (y_1 - y_2)\,dx = \int_0^{16} (4\sqrt{x} - x)\,dx$$

$$=\left[4\times\frac{x^{3/2}}{3/2}-\frac{x^2}{2}\right]_0^{16} = 4\times\frac{2}{3}(16)^{\frac{3}{2}}-\frac{16^2}{2}$$

$$=\frac{512}{3}-128=\frac{512-384}{3}=\frac{128}{3}$$ বর্গ একক ।

**4(e) $y^2 = 16x$ পরাবৃত্ত এবং এর উপকেন্দ্রিক লম্ব দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [সি.'০৫]**

সমাধান ঃ $y^2 = 16x \Rightarrow y^2 = 4.4.x$

পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্বের

সমীকরণ $x = 4$.




$y^2 = 16x \Rightarrow y = \pm 4\sqrt{x}$

$\therefore$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল $=$

$y = 4\sqrt{x}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 0$ ও $x = 4$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$=\int_0^4 y\,dx = \int_0^4 4\sqrt{x}\,dx$$

$$=4\left[\frac{y^{3/2}}{3/2}\right]_0^4 = 4\times\frac{2}{3}(4)^{\frac{3}{2}}=\frac{8}{3}\times 8=\frac{64}{3}$$ বর্গএকক

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= 2\times$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল

$$=\frac{128}{3}$$ বর্গএকক ।

**5(a) $y = 2x - x^2$ বক্ররেখা এবং $x$-অক্ষ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। [রা.'০১]**

**সমাধান ঃ** $y = 2x - x^2 \cdots (1)$

$x$-অক্ষের সমীকরণ $y = 0 \cdots (2)$

(1) এ $y = 0$ বসিয়ে পাই,

$0 = 2x - x^2 \Rightarrow x = 0, 2$




$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল = প্রদত্ত বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 0$ ও $x = 2$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$= \int_0^2 y\, dx = \int_0^2 (2x - x^2) dx$$

$$= \left[2.\frac{x^2}{2} - \frac{x^3}{3}\right]_0^2 = 4 - \frac{8}{3} = \frac{4}{3} \text{ বর্গ একক}$$

**5(b) $y = x^2$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 1$ ও $x = 7$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**

**সমাধান ঃ** নির্ণেয় ক্ষেত্রফল = $x = \sqrt{y}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 1$ ও $x = 4$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল




$$= \int_1^7 y\, dx = \int_1^7 x^2 dx = \left[\frac{x^3}{3}\right]_1^7$$

$$= \frac{1}{3}(343 - 1) = 144 \text{ বর্গ একক}$$

**5(c) $y = x^2$ বক্ররেখা এবং $x - y + 2 = 0$ সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।** [সি.'০৩]

**সমাধান ঃ** $y = x^2 \ldots\ldots (1)$ হতে $y$ এর মান $x - y + 2 = 0$ সমীকরণে বসিয়ে পাই,

$x - x^2 + 2 = 0$

$\Rightarrow x^2 - x - 2 = 0$

$\Rightarrow (x+1)(x-2) = 0$

$\Rightarrow x = -1, 2$




এখানে x এর সীমা $-1$ থেকে 2

এবং $y_1 = x + 2$, $y_2 = x^2$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= \int_{-1}^2 (y_1 - y_2)\, dx$

$$= \int_{-1}^2 (x + 2 - x^2)\, dx = \left[\frac{x^2}{2} + 2x - \frac{x^3}{3}\right]_{-1}^2$$

$$= \frac{4}{2} + 4 - \frac{8}{3} - (\frac{1}{2} - 2 + \frac{1}{3}) = 8 - \frac{8}{3} - \frac{1}{2} - \frac{1}{3}$$

$$= \frac{48 - 16 - 3 - 2}{6} = \frac{48 - 21}{6} = \frac{27}{6} = \frac{9}{2} \text{ বর্গএকক}$$

**6. $x^2 + y^2 = 1$ ও $y^2 = 1 - x$ বক্ররেখা দুইটি দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।** [ঢা.'০১]

**সমাধান ঃ** $y^2 = 1 - x = -(x - 1)$ হতে $y^2$ এর মান $x^2 + y^2 = 1$ সমীকরণে বসিয়ে পাই,

$x^2 + 1 - x = 1$

$\Rightarrow x(x - 1) = 0 \Rightarrow x = 0, 1$

$x = 1$ হলে $y = 0$ এবং

$x = 0$ হলে $y = \pm 1$




$\therefore$ বক্ররেখা দুইটির ছেদবিন্দু $(1,0)$, $(0,1)$, $(0,-1)$

এখানে x এর সীমা 0 থেকে 1

এবং $y_1 = \sqrt{1 - x^2}$, $y_1 = \sqrt{1 - x}$.

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= 2\int_0^1 (y_1 - y_2)\, dx$

$$= 2\int_0^1 (\sqrt{1 - x^2} - \sqrt{1 - x})\, dx$$

$$= 2\left[\frac{x\sqrt{1 - x^2}}{2} + \frac{1}{2}\sin^{-1} x + \frac{2}{3}(1 - x)^{3/2}\right]_0^1$$

$$= 2(\frac{1}{2}\sin^{-1} 1 - \frac{2}{3}) = 2(\frac{1}{2}.\frac{\pi}{2} - \frac{2}{3})$$

$$= 2(\frac{\pi}{4} - \frac{2}{3}) \text{ বর্গ একক}$$

**7(a) $y = \sin x$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = \dfrac{\pi}{2}$ রেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।** [চ.'০৫]

**সমাধান :**



নির্ণেয় ক্ষেত্রফল = $y=\sin x$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x=0$ ও $x=\frac{\pi}{2}$ রেখাদ্বয় দ্বা:

প্রশ্নমালা X E

ক্ষেত্রের ক্ষেত্রফল $=\int_0^{\pi/2} y\,dx = \int_0^{\pi/2} \sin x\,dx$

$=[-\cos x]_0^{\pi/2} = -\cos\frac{\pi}{2}+\cos 0 = 1$ বর্গ একক।

**7(b)** **$x$- অক্ষ এবং $y=\sin x$ বক্ররেখার একটি চাপ দ্বারা গঠিত ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**

সমাধান ঃ




নির্ণেয় ক্ষেত্রফল = $y=\sin x$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x=0$ ও $x=\pi$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $=\int_0^{\pi} y\,dx = \int_0^{\pi} \sin x\,dx$

$=[-\cos x]_0^{\pi} = -\cos\pi+\cos 0$

$=1+1=2$ বর্গ একক।

## সম্ভাব্য ধাপসহ প্রশ্ন :

**8.** **$y=x^3$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $y=0$, $x=1$ ও $x=3$ সরলরেখা তিনটি দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**

সমাধান ঃ নির্ণেয় ক্ষেত্রফল $=\int_1^3 y\,dx = \int_1^3 x^3\,dx$ (১)

$=\left[\frac{x^4}{4}\right]_1^3 = \frac{1}{4}(81-1)=\frac{80}{4}=20$ বর্গ একক ।(২)

**9.** **$xy=c^2$ অধিবৃত্ত, $x$-অক্ষ এবং $x=a$ ও $x=b$ রেখা দুইটি দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।**

সমাধান ঃ নির্ণেয় ক্ষেত্রফল $=\int_a^b y\,dx = \int_a^b \frac{c^2}{x}\,dx$ (১)

$=c^2[\ln x]_a^b = c^2(\ln b-\ln a) = c^2\ln\frac{b}{a}$ (২)

**10.** **দেখাও যে, $\sqrt{x}+\sqrt{y}=\sqrt{a}$ অধিবৃত্ত এবং স্থানাঙ্কের অক্ষ দুইটি দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $a^2/6$.**

প্রমাণ ঃ $\sqrt{x}+\sqrt{y}=\sqrt{a} \Rightarrow \sqrt{y}=\sqrt{a}-\sqrt{x}$

$\Rightarrow y=(\sqrt{a}-\sqrt{x})^2 = a-2\sqrt{a}\sqrt{x}+x$

এর সীমা 0 হতে $a$. (১)

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=\int_0^a y\,dx$

$=\int_0^a (a-2\sqrt{a}\sqrt{x}+x)\,dx$ (১)

$=\left[ax-2\sqrt{a}.\frac{2}{3}x^{3/2}+\frac{x^2}{2}\right]_0^a$ (১)

$=a^2-2\sqrt{a}.\frac{2}{3}a^{3/2}+\frac{a^2}{2}$

$=a^2-\frac{4}{3}a^2+\frac{a^2}{2}=\frac{6a^2-8a^2+3a^2}{6}=\frac{a^2}{6}$ (১)

## ভর্তি পরীক্ষার MCQ:

**1.** $\int_0^1 \frac{dx}{\sqrt{2x-x^2}}$ এর মান কত হবে? **[DU 06-07,08-09;NU 06-07; KU 03-04]**

A. $\frac{\pi}{2}$ B. 1 C. 0 D. $\frac{\pi}{4}$

$Sol^n$. $I=\int_0^1 \frac{dx}{\sqrt{1-(x-1)^2}} = \left[\sin^{-1}(x-1)\right]_0^1 = \frac{\pi}{2}$

ক্যালকুলেটরের সাহায্যে : Mode radian- এ নিতে হবে। অত:পর ধারাবাহিকভাবে নিম্নোক্ত Button গুলো Press করতে হবে।

$\boxed{\int dx}$ $\boxed{(}$ $\boxed{\text{Integrand}}$ $\boxed{)}$ $\boxed{,}$ $\boxed{\text{UpperLt}}$ $\boxed{,}$ $\boxed{\text{Lower Lt}}$ $\boxed{,}$ $\boxed{)}$ $\boxed{=}$

Lower Limit বা Upper Limit এর জন্য Integrand সরাসরি অসংজ্ঞায়িত হলে Lower Limit বা Upper Limit এর নিকটবর্তী মান নিতে হয়। যেমন – 0 এর পরিবর্তে 0.01 এবং 1 এর পরিবর্তে 0.99 বসানো যেতে পারে। Calculator অনেক problem calculation করতে বেশ সময় নেয়।

$I=1.198\approx\frac{\pi}{2}$




$1.4293\approx\pi/2$

**2.** $\int_0^1 \frac{\cos^{-1} x dx}{\sqrt{1-x^2}} = ?$ **[ DU,NU 05-06]**

$Sol^n.$ $I = -\left[\frac{1}{2}(\cos^{-1} x)^2\right]_0^1 = -\frac{1}{2}\{0-(\frac{\pi}{2})^2\}$

$= \frac{\pi^2}{8}$. $I = 1.2237 \approx \frac{\pi^2}{8}$ (By Calculator)

[এখানে Upper Limit 0.99 ধরা হয়েছে।]

**3.** $\int_0^{\pi/2} (1+\cos x)^2 \sin x dx = ?$ **[ DU 03-04; RU 06-07, 07-08; BUET 08-09]**

$Sol^n.$ $I = -\left[\frac{1}{3}(1+\cos x)^3\right]_0^{\pi/2} = -\frac{1}{3}(1-8)$

$= \frac{7}{3}$. $I = 2.333 \approx \frac{7}{3}$ (By Calculator)

**4.** $\int_1^e \log_e x dx = ?$ **[ DU 02-03; NU 04-05; 02-03; JU 05-06; BUET 05-06]**

$Sol^n.$ $I = [(\log_e x - 1)x]_1^e = [(\log_e x - 1)x]_1^e = 1$

**5.** $\int_0^1 \frac{\cos^{-1} x dx}{\sqrt{1-x^2}} = ?$ **[ CDU 06-07,02-03; RU 02-03; 06-07; IU 04-05]**

$Sol^n.$ $I = \left[\frac{1}{2}(\sin^{-1} x)^2\right]_0^1 = \frac{1}{2}\{(\frac{\pi}{2})^2 - 0\}$

$= \frac{\pi^2}{8}$. $I = 1.02 \approx \frac{\pi^2}{8}$ (By Calculator)

[এখানে Upper Limit 0.99 ধরা হয়েছে।]

**6.** $\int_1^2 \frac{(x^2-1)^2 dx}{x^2} = ?$ **[ JU 06-07; SU 04-05; CU 05-06]**

$Sol^n.$ $I = 0.833 \approx \frac{5}{6}$ (By Calculator)

**7.** $\int_0^{\pi/2} \cos^3 x\sqrt{\sin x} dx = ?$ **[ CU 05-06]**

$Sol^n.$ $I = 0.3809 \approx \frac{8}{21}$ (By Calculator)

**8.** $\int_0^1 \frac{x dx}{1+x^4} = ?$ **[ BUET 06-07]**

A. $\frac{\pi}{4}$ B. $\frac{\pi}{3}$ C. $\frac{\pi}{8}$ D. $\frac{2\pi}{3}$

$Sol^n.$ $I = .392699 = \frac{\pi}{8}$ (By Calculator)

**9.** $\int_0^a \sqrt{a^2 - x^2} dx = ?$ **[ JU 07-08; RU 06-07; KU 06-07 ]**

$Sol^n.$ $I = \left[\frac{x\sqrt{a^2-x^2}}{2} + \frac{a^2}{2}\sin^{-1}\frac{x}{a}\right]_0^a$

$= \frac{a^2}{2}.\frac{\pi}{2} = \frac{\pi}{4}a^2$ . a = 2 ধরে, I = 3.1416

(By Calculator) এবং $\frac{\pi}{4}a^2 = 3.1416$

d/dx [∫dx] [√] [ ( ] [2] [x²] [−] [ALPHA X] [ ) ] [x²] [ ) ]

(arg) [ , ] [0] [ , ] [2] [ ) ] [=] 3.1416

**10.** $y^2 = 4x$ ও $y = x$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত? **[DU 05-06, 08-09]**

$Sol^n.$ $x^2 = 4x \Rightarrow x = 0,4$

$\therefore$ ক্ষেত্রফল $= \int_0^4 (2\sqrt{x} - x) dx = \frac{8}{3}$ (By Calculator)

**11.** $y = 3x$ সরলরেখা , x অক্ষ এবং $x = 2$ রেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত? **[IU 07-08;SU 06-07]**

$Sol^n.$ ক্ষেত্রফল $= \int_0^2 3x dx = \left[3.\frac{x^2}{2}\right]_0^2 = 6$

**12.** $x^2 + y^2 = a$ এর ক্ষেত্রফল কত? **[SU 04-05;CU 02-03]**

$Sol^n.$ $x^2 + y^2 = (\sqrt{a})^2$

$\therefore$ ক্ষেত্রফল $= \pi(\sqrt{a})^2 = \pi a$

## বহুনির্বাচনি প্রশ্ন

**1.** **Sol$^n$ :** $\int \sin ax\, dx = -\frac{1}{a}\cos ax + c$

$\therefore$ Ans. (b)

**2.** **Sol$^n$ :** $\int_1^4 \frac{dx}{\sqrt{x}} = [2\sqrt{x}]_1^4 = 2(2-1) = 2$

$\therefore$ Ans. (d)

3. $\int \frac{xdx}{x^2+4} = \frac{1}{2}\int \frac{2xdx}{x^2+4} = \frac{1}{2}\ln|x^2+4| + c$

$\therefore$ Ans. (a)

4. Sol$^n$ : : ক্যালকুলেটরের সাহায্যে

$\int_0^{\pi/2} \cos^5 xdx = 0.533$ ,যা 8/15 এর সমান।

$\therefore$ Ans. (d).

5. Sol$^n$ : ন্যূনতম হতে হলে, $\frac{d}{dx}\{f(x)\} = 0$ হতে হবে।

এখানে, $\frac{d}{dx}\{f(x)\} = \frac{t-3}{t^2+7} = 0 \Rightarrow t = 3$

$\therefore$ Ans. (d)

6. Sol$^n$ : $x^2 = 2y - 2 = 2(y-1) = 4\times\frac{1}{2}(y-1)$

পরাবৃত্তের শীর্ষ $(0,1)$ , উপকেন্দ্রিক লম্ব, $y-1=\frac{1}{2}$

$\Rightarrow y = \frac{3}{2}$ $\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $= \int_1^{3/2} xdy =$

$\int_1^{3/2}\sqrt{2(y-1)}dy = 0.666 = \frac{2}{3}$ $\therefore$ Ans. (c)

7. Sol$^n$ : $\int\frac{dx}{ay-bx} = -\frac{1}{b}\int\frac{d(ay-bx)}{ay-bx}$

$= -\frac{1}{b}\ln(ay-bx) + c$ $\therefore$ Ans. A

8. Sol$^n$ : $\int\frac{dx}{\sqrt{9-16x^2}} = \frac{1}{4}\int\frac{d(4x)}{\sqrt{3^2-(4x)^2}}$

$= \frac{1}{4}\sin^{-1}\frac{4x}{3} + c$ $\therefore$ Ans. B

9. Sol$^n$ : $\int_0^{1/a} d(\tan^{-1}ax) = [\tan^{-1}ax]_0^{1/a}$

10. Sol$^n$ : কৌশল : $\int_a^b f(x) = \int_{a+c}^{b+c} f(x-c)$

এখানে, $\int_0^4 f(x)dx = \int_{0-1}^{4-1} f(x+1)dx$

$= \int_{-1}^3 f(x+1)dx = 6$

$\therefore$ Ans. (c)

11. Sol$^n$ : $pv = 5 \Rightarrow p = \frac{5}{v}$

$\therefore \int_1^2 pdv = \int_1^2 \frac{5}{v}dv = 5\int_1^2\frac{1}{v}dv$

$= 5(\ln2 - \ln1) = 5\ln2$ $\therefore$ Ans.(b)

12. Sol$^n$ : ধনাত্মক x এর জন্য $F(x) = \int_1^x \ln t dt$ হলে

$F'(x) = \frac{d}{dx}(\int_1^x \ln t dt) = \ln x - \ln 1 = \ln x$

$\therefore$ Ans. (b)

13. Sol$^n$ : $x^2+y^2=a^2$ বৃত্তের ক্ষেত্রফল $=\pi a^2$

$\therefore$ $y = -\sqrt{a^2-x^2}$ ও $y = 0$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল = অর্ধবৃত্তের ক্ষেত্রফল $= \frac{1}{2}\pi a^2$

$\therefore$ Ans.(b)

14. Sol$^n$ : রেখাঙ্কিত জায়গার ক্ষেত্রফল $= \int_2^5 ydx$

$= \int_2^5 x^2dx = \left[\frac{x^3}{3}\right]_2^5 = \frac{1}{3}(125-8) = 39$

$\therefore$ Ans. (c).

15. Sol$^n$ : $4x^2+25y^2=100$ [দি.বো. ২০১৭]

$\Rightarrow \frac{x^2}{5^2}+\frac{y^2}{2^2}=1$

$\therefore$ ক্ষেত্রফল $= ab\pi = (5\times2)\pi = 10\pi$ $\therefore$ Ans.(c)

16. Sol$^n$ : $\int f(x)dx = \int\cos2xdx$

$= \frac{\sin2x}{2} + c$ $\therefore$ Ans. (a) [ঢা.বো. ২০১৭]

17. Sol$^n$ : $\frac{d}{dx}(\cos\sqrt{x}) = -\sin\sqrt{x}\times\frac{1}{2\sqrt{x}}$

$\therefore$ Ans. (b) [ঢা.বো. ২০১৭]

18. Sol$^n$ : $\int\frac{dx}{4x} = \frac{1}{4}\ln x + c$ [ঢা.বো. ২০১৭]

$\int e^{4x}dx = \frac{1}{4}e^{4x} + c$

$$\int_0^2 4x\,dx = \left[4\frac{x^2}{2}\right]_0^2 = 2(2^2-0) = 8$$

$\therefore$ Ans. (d)

**19.** Sol$^n$ : $\int \sin x^0 dx = = \int \sin\frac{\pi x}{180}dx$

$= -\frac{180}{\pi}\cos\frac{\pi x}{180} + c = -\frac{180}{\pi}\cos x^0 + c$

$\therefore$ Ans. (c) [ঢা.বো. ২০১৭]

**20.** Sol$^n$ : $\int \operatorname{cosec} x\,dx = \ln|\tan\frac{x}{2}| + c$

$\therefore$ Ans. (c) [সিলেট বোর্ড ২০১৭]

**21.** Sol$^n$ : $\frac{x^2}{16} + \frac{y^2}{9} = 1 \Rightarrow \frac{x^2}{4^2} + \frac{y^2}{3^2} = 1$

উপবৃত্তের ক্ষেত্রফল = $(4\times 3)\pi = 12\pi$

$\therefore$ Ans. (c) [সিলেট বোর্ড ২০১৭]

**22.** Sol$^n$ : $\int e^{-7x}dx = \frac{e^{-7x}}{-7} + c$

$\therefore$ Ans.(a) [চট্টগ্রাম বোর্ড ২০১৭]

**23.** Sol$^n$ : $\int \frac{dx}{\sqrt{36-x^2}}$ [চট্টগ্রাম বোর্ড ২০১৭]

$= \int \frac{dx}{\sqrt{6^2-x^2}} = \sin^{-1}\frac{x}{6} + c \quad \therefore$ Ans.(b)

নিচের উদ্দীপকের আলোকে 24 ও 25 নং প্রশ্নের উত্তর দাও:-

$f(x) = \ln 2x.$

**24.** Sol$^n$ : $f'(x) = \frac{1}{2x}(2) = \frac{1}{x}$ [য .বো.'১৭]

$\therefore$ $x = 2$ বিন্দুতে স্পর্শকের ঢাল $= \frac{1}{2}$ $\therefore$ Ans.(b)

**25.** Sol$^n$ : $\int \ln 2x\,dx = x(\ln 2x - 1) + c$

$\therefore$ **Ans. (d)** [য .বো.'১৭]

**26.** Sol$^n$ : $\int \frac{f'(x)}{f(x)}dx = \ln|f(x)| + c$

$\therefore$ Ans. (d) [য .বো.'১৭]

**27.** Sol$^n$ : $\int_2^3 \frac{x}{x^2-1}dx = \frac{1}{2}\int_2^3 \frac{2x}{x^2-1}dx$

$= \frac{1}{2}\left[\ln(x^2-1)\right]_2^3 = \frac{1}{2}\ln\frac{8}{3}$

$\therefore$ Ans. (b) [রা.বো.'১৭]

**28.** Sol$^n$ : $\int \frac{\sin 2x}{\sin^2 x}dx = 2\int \cot x\,dx$

$= \ln|\sin x| + c$ [কু.বো.'১৭]

**29.** Sol$^n$ : $\int_0^{\pi/2} \sin x\,dx = [-\cos x]_0^{\pi/2}$

$= -(0-1) = 1 \quad \therefore$ Ans.(c) [কু.বো.'১৭]

**30.** Sol$^n$ : $\int \ln x\,dx = x\ln x - x$

$\therefore$ Ans. (b) [ব.বো.'১৭]

**31.** Sol$^n$ : $\int_0^1 \frac{3dx}{1+x^2} = 3\tan^{-1}1 = \frac{3\pi}{4}$

$\therefore$ Ans.(a) [ব.বো.'১৭]

**32.** Sol$^n$ : $\int \frac{e^\theta d\theta}{1+e^\theta} = \ln(1+e^\theta) + c$

$\therefore$ Ans. (a) [ব.বো.'১৭]

সৃজনশীল প্রশ্ন:

**1.**




চিত্রে, x = 3 সরলরেখা $x^2 + y^2 = 25$ বৃত্তকে এবং $y^2 = x$ পরাবৃত্তকে ছেদ করেছে।

**(a)** $\int \frac{1}{1+\cos x}dx$ নির্ণয় কর।

সমাধান: $\int \frac{1}{1+\cos x}dx$

$= \int \frac{1}{2\cos^2\frac{x}{2}}dx = \frac{1}{2}\int \sec^2\frac{x}{2}dx$

$$=\frac{1}{2}\times 2\tan\frac{x}{2}+c=\tan\frac{x}{2}+c \quad \text{(Ans.)}$$

(b) প্রদত্ত বৃত্ত ও সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষুদ্রতর ক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান: প্রশ্নমালা XE.এর 3(c) দ্রষ্টব্য।

(c) প্রদত্ত পরাবৃত্ত ও সরলরেখার সাথে $y = 0$ সরলরেখা যে ক্ষেত্র তৈরি করে তার এবং রেখাঙ্কিত এলাকার ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান:




রেখাঙ্কিত এলাকার ক্ষেত্রফল $=\int_0^3 (y_1 - y_2)dx$,

যেখানে $y_1=\sqrt{5^2-x^2}, y_2=\sqrt{x}$ .

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=\int_0^3(\sqrt{5^2-x^2}-\sqrt{x})dx$

$$=\left[\frac{x\sqrt{25-x^2}}{2}+\frac{25}{2}\sin^{-1}\frac{x}{5}-\frac{x^{3/2}}{3/2}\right]_0^3$$

$$=\frac{3\sqrt{25-3^2}}{2}+\frac{25}{2}\sin^{-1}\frac{3}{5}-2\sqrt{3}$$

$$=\frac{3\times 4}{2}+\frac{25}{2}\sin^{-1}\frac{3}{5}-2\sqrt{3}$$

$$=6-2\sqrt{3}+\frac{25}{2}\sin^{-1}\frac{3}{5}$$

2. চিত্রে $y = x - 2$ সরলরেখা $y^2 = x$ পরাবৃত্তকে A ও B বিন্দুতে ছেদ করেছে।




(a) $\int x^3\sqrt{1+3x^4}dx$ নির্ণয় কর।

ধরি, $I=\int x^3\sqrt{1+3x^4}dx$

এবং $z = 1+3x^4 \;\therefore\; dz = 12x^3dx$

$$\therefore I=\frac{1}{12}\int\sqrt{z}dz=\frac{1}{12}\times\frac{z^{3/2}}{3/2}+c$$

$$=\frac{1}{18}(1+3x)^{3/2}+c \quad \text{(Ans.)}$$

(b) A ও B বিন্দুগামী y-অক্ষের সমান্তরাল রেখা পরাবৃত্তটিকে যথাক্রমে D ও C বিন্দুতে ছেদ করে। ADBC ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান:




$y = x - 2 \Rightarrow x = y + 2$ হতে x এর মান $y^2 = x$ সমীকরণে বসিয়ে পাই, $y^2 = y + 2$

$\Rightarrow y^2 - y - 2 = 0$

$\Rightarrow (y-2)(y+1) = 0$

$\therefore\; y = -1, 2$ এবং $x = 1, 4$ .

ADBC ক্ষেত্রের ক্ষেত্রফল = $y=\sqrt{x}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 1$ ও $x = 4$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফলের দ্বিগুণ

$$=2\int_1^4 ydx=2\int_1^4\sqrt{x}dx=2\left[\frac{x^{3/2}}{3/2}\right]_1^4$$

$$=2\times\frac{2}{3}(4^{3/2}-1)=\frac{4}{3}\times(8-1)$$

$$=\frac{28}{3}$$ বর্গ একক

(c) $y = x - 2$ সরলরেখা ও $y^2 = x$ পরাবৃত্ত দ্বারা অবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান: এখানে, A ও B বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (1, −1) ও (2, 4).

∴ y এর সীমা −1 থেকে 2 এবং $x_1 = y+2$, $x_2 = y^2$.

∴ নির্ণেয় ক্ষেত্রফল $= \int_{-1}^{2}(x_1 - x_2)dy$

$$= \int_{-1}^{2}(y+2-y^2)dy = \left[\frac{y^2}{2}+2y-\frac{y^3}{3}\right]_{-1}^{2}$$

$$= \frac{4}{2}+4-\frac{8}{3}-\left(\frac{1}{2}-2+\frac{1}{3}\right)$$

$$= \frac{4}{2}+4-\frac{8}{3}-\frac{1}{2}+2-\frac{1}{3}$$

$$= \frac{12+24-16-3+12-2}{6}$$

$= \frac{27}{6} = \frac{9}{2}$ বর্গ একক।

**3.** চিত্রে, $y^2 = 4(x+2)$ বক্ররেখাটি x অক্ষকে C বিন্দুতে ও AB রেখাকে B বিন্দুতে ছেদ করে। AB রেখার ঢাল −1 ও B বিন্দুর y স্থানাঙ্ক 6 ।




**(a)** দেখাও যে, B বিন্দুর স্থানাঙ্ক (7, 6) .

**সমাধান :** ধরি, AB রেখার সমীকরণ $y = -x + c \cdots$ (i) এবং B বিন্দুর স্থানাঙ্ক $(\alpha, 6)$, যা (i) রেখা ও $y^2 = 4(x+2)$ বক্ররেখার ছেদবিন্দু।

∴ $6 = -\alpha + c \Rightarrow c = \alpha + 6$ এবং

$$6^2 = 4(\alpha+2) \Rightarrow \alpha + 2 = 9 \Rightarrow \alpha = 7$$

∴ $c = 7 + 6 = 13$

∴ B বিন্দুর স্থানাঙ্ক (7, 6).

**(b)** $\Delta ABC$ এর ক্ষেত্রফল নির্ণয় কর।

**সমাধান:** AB রেখার সমীকরণ $y = -x + 13$

$\Rightarrow x + y = 13 \Rightarrow \frac{x}{13} + \frac{y}{13} = 1$

∴ A বিন্দুর স্থানাঙ্ক (13,0)

আবার , প্রদত্ত বক্ররেখা x অক্ষকে C বিন্দুতে ছেদ করে।

∴ C বিন্দুর y স্থানাঙ্ক 0 .

$y^2 = 4(x+2)$ এ $y = 0$ বসিয়ে পাই, $x = -2$

∴ C বিন্দুর স্থানাঙ্ক (− 2, 0)

এখন, $\Delta ABC$ এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2}|(13-7)(6-0)-(0-6)(7+2)|$$

$= \frac{1}{2}|36+54| = 45$ বর্গ একক।

**(c)** দাগাঙ্কিত ABC সম্পূর্ণ এলাকার ক্ষেত্রফল নির্ণয় কর।

**সমাধান:** B হতে AC এর উপর BD লম্ব টানি।

∴ $\Delta BCD$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}(CA \times BD)$

$= \frac{1}{2} \times |-2-7| \times 6 = 27$ বর্গ একক।

$y = 2\sqrt{x+2}$ বক্ররেখা, $x = 7$ সরলরেখা ও x অক্ষ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $= \int_{-2}^{7} 2\sqrt{x+2}dx$

$$= 2\left[\frac{(x+2)^{3/2}}{3/2}\right]_{-2}^{7}$$

$$= \frac{4}{3}\{(7+2)^{3/2} - (-2+2)^{3/2}\}$$

$= \frac{4}{3} \times 27 = 36$ বর্গ একক।

∴ দাগাঙ্কিত ABC সম্পূর্ণ এলাকার ক্ষেত্রফল $= 45 + (36 - 27) = 54$ বর্গ একক।

**4.** $f(x) = \ln x$

(a) $f(\ln x)$ এর অন্তরজ নির্ণয় কর।

**সমাধান :** $\frac{d}{dx} f(\ln x) = \frac{d}{dx}\ln(\ln x) = \frac{1}{x\ln x}$

(b) প্রমাণ কর যে, $\int_2^4 f(2x)dx = 8\ln 2 - 2$

সমাধান: $\int \ln(2x)dx$

$= \ln(2x)\int dx - \int [\frac{d}{dx}\{\ln(2x)\}\int dx]dx$

$= x\ln(2x) - \int \frac{2}{2x} . xdx$

$= x\ln(2x) - \int dx = x\ln(2x) - x + c$

$\therefore \int_2^4 \ln(2x)\,dx = [x\ln(2x) - x]_2^4$

$= 4\ln 8 - 4 - (2\ln 4 - 2)$

$= 4\ln 2^3 - 4 - 2\ln 2^2 + 2$

$= 12\ln 2 - 2 - 4\ln 2 = 8\ln 2 - 2$

(c) f(x) বক্ররেখা অক্ষকে যে বিন্দুতে ছেদ করে সে বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

সমাধান : f(x)=lnx বক্ররেখা অক্ষকে (1,0) বিন্দুতে ছেদ করে

f(x)=lnx কে $x$-এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই, $\frac{dy}{dx} = \frac{1}{x}$

(1,0) বিন্দুতে $\frac{dy}{dx} = 1$

$\therefore$ প্রদত্ত বক্ররেখার (1 , 0) বিন্দুতে স্পর্শকের সমীকরণ

$y - 0 = 1(x-1) \Rightarrow x - y - 1 = 0$(Ans:)

5.




চিত্রে, বৃত্তটির সমীকরণ $x^2 + y^2 = 36$ এবং AC = 8 একক।

(a) $\int \frac{xdx}{\sqrt{1-x^2}}$ নির্ণয় কর।

সমাধান : ধরি, $I = \int \frac{x}{\sqrt{1-x^2}}dx$

এবং $1 - x^2 = z$ . তাহলে, $-2xdx = dz$ এবং

$I = -\frac{1}{2}\int \frac{dz}{\sqrt{z}} = -\frac{1}{2}\cdot 2\sqrt{z} + c$

$\therefore \int \frac{x}{\sqrt{1-x^2}}dx = -\sqrt{1-x^2} + c$

(b) x-অক্ষের উপরের ছায়াঘেরা অংশের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $x^2 + y^2 = 36$ বৃত্তের কেন্দ্র মূলবিন্দু ও ব্যাসার্ধ 6 ।

ABC সমকোণী ত্রিভুজে, $\angle BAC = \frac{\pi}{2}$,

AC = 8 একক, BC = 2 × 6 = 12 একক।

$\therefore AB = \sqrt{BC^2 - AC^2} = \sqrt{12^2 - 8^2} = 4\sqrt{5}$

ABC ত্রিভুজে ক্ষেত্রফল

$= \frac{1}{2}(AB \times AC) = \frac{1}{2}(4\sqrt{5} \times 8)$

$= 16\sqrt{5}$ বর্গ একক।

আবার, ABC অর্ধবৃত্তের ক্ষেত্রফল

$= \frac{1}{2}\pi \times 6^2 = 18\pi =$ বর্গ একক।

$\therefore$ x-অক্ষের উপরের ছায়াঘেরা অংশের ক্ষেত্রফল = ABC অর্ধবৃত্তের ক্ষেত্রফল − ABC ত্রিভুজে ক্ষেত্রফল

$= 18\pi - 16\sqrt{5}$ বর্গ একক।

(c) x−অক্ষের নিচের ছায়াঘেরা অংশের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $x^2 + y^2 = 36$ বৃত্তের কেন্দ্র মূলবিন্দু ও ব্যাসার্ধ 6 ।

$x^2 + y^2 = 36$

$\Rightarrow y^2 = 36 - x^2 \Rightarrow y = \pm\sqrt{36 - x^2}$

ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল $= y = \sqrt{36 - x^2}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x = 5$ ও $x = 6$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $= \int_5^6 y\,dx$

$$=\int_5^6 \sqrt{36-x^2}\,dx=\int_5^6 \sqrt{6^2-x^2}\,dx$$

$$=\left[\frac{x\sqrt{6^2-x^2}}{2}+\frac{6^2}{2}\sin^{-1}\frac{x}{6}\right]_5^6$$

$$=(0+\frac{36}{2}\sin^{-1}1)-(\frac{5\sqrt{36-25}}{2}+\frac{36}{2}\sin^{-1}\frac{5}{6})$$

$$=18.\frac{\pi}{2}-\frac{5\sqrt{11}}{2}-18\sin^{-1}\frac{5}{6}$$

$$=9\pi-\frac{5\sqrt{11}}{2}-18\sin^{-1}\frac{5}{6}$$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $=[9\pi-\frac{5\sqrt{11}}{2}-18\sin^{-1}\frac{5}{6}]$ বর্গ একক।

**6.** $x^2+y^2+4x-6y-12=0$ একটি বৃত্তের সমীকরণ।

(a) $\int\frac{\cos dx}{\sqrt{\sin x}}$ নির্ণয় কর।

সমাধান : ধরি, $I=\int\frac{\cos x}{\sqrt{\sin x}}dx$

এবং $\sin x=z$. তাহলে, $\cos x\,dx=dz$ এবং

$$I=\int\frac{dz}{\sqrt{z}}=2\sqrt{z}+c=2\sqrt{\sin x}+c$$

(b) বৃত্তটির $(5,\ -1)$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ নির্ণয় কর।

সমাধান : $x^2+y^2+4x-6y-12=0$

ইহাকে $x$-এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$$2x+2y\frac{dy}{dx}-4-6\frac{dy}{dx}=0$$

$$\Rightarrow 2(y-6)\frac{dy}{dx}=-2(x-2)$$

$$\Rightarrow \frac{dy}{dx}=-\frac{x-2}{y-6}$$

$(5,-1)$ বিন্দুতে $\frac{dy}{dx}=-\frac{5-2}{-1-6}=\frac{3}{7}$

$\therefore$ প্রদত্ত বৃত্তের $(5,-1)$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ,

$$y+1=\frac{7}{3}(x-5)$$

$$\Rightarrow 3y+3=7x-35\ \therefore 7x-3y-38=0$$

(c) যোগজীকরণের সাহায্যে বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $x^2+y^2+4x-6y-12=0$

$$\Rightarrow (x+2)^2+(y-3)^2=5^2$$

বৃত্তের ক্ষেত্রফল $x^2+y^2=5^2$ বৃত্তের ক্ষেত্রফলের সমান।

এখন, $x^2+y^2=25$

$$\Rightarrow y^2=25-x^2\Rightarrow y=\pm\sqrt{25-x^2}$$

ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল

$=$ $y=\sqrt{25-x^2}$ বক্ররেখা, $x$-অক্ষ এবং $x=0$ ও $x=5$ রেখাদ্বয় দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$=\int_0^5 y\,dx=\int_0^5\sqrt{25-x^2}\,dx$$

$$=\int_0^5\sqrt{5^2-x^2}\,dx$$

$$=\left[\frac{x\sqrt{5^2-x^2}}{2}+\frac{5^2}{2}\sin^{-1}\frac{x}{2}\right]_0^5$$

$$=\frac{25}{2}\sin^{-1}1=\frac{25}{2}.\frac{\pi}{2}=\frac{25}{4}\pi$$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $=4\times$ ক্ষেত্র OAB এর ক্ষেত্রফল $=25\pi$ বর্গ একক

**7.** $f(x)=\tan^{-1}x$ …… (i)

$y=4x^3+3x^2-6x+1$ …… (ii)

(a) $\int x^2e^{x^3}dx$ এর মান নির্ণয় কর।

সমাধান : ধরি, $I=\int x\,e^{x^2}dx$

এবং $x^2=z$ . তাহলে, $2xdx=dz\Rightarrow xdx=\frac{dz}{2}$

এবং $I=\frac{1}{2}\int e^z dz=\frac{1}{2}e^z+c=\frac{1}{2}e^{x^2}+c$

(b) (ii) বক্ররেখার যে সকল বিন্দুতে স্পর্শক $x$-অক্ষের সমান্তরাল তাদের স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান : $y = 4x^3 + 3x^2 - 6x + 1$

$\therefore \dfrac{dy}{dx} = 12x^2 + 6x - 6$

স্পর্শক $x$- অক্ষের সমান্তরাল হলে, $\dfrac{dy}{dx} = 0$

$\therefore 12x^2 + 6x - 6 = 0 \Rightarrow 2x^2 + x - 1 = 0$

$\Rightarrow 2x^2 + 2x - x - 1 = 0$

$\Rightarrow 2x(x + 1) - 1(x + 1) = 0$

$\Rightarrow (x + 1)(2x - 1) = 0 \quad \therefore x = -1, \dfrac{1}{2}$

$x = -1$ হলে, $y = -4 + 3 + 6 + 1 = 6$

$x = \dfrac{1}{2}$ হলে, $y = 4.\dfrac{1}{8} + 3.\dfrac{1}{4} - 6.\dfrac{1}{2} + 1$

$= \dfrac{2 + 3 - 8}{4} = -\dfrac{3}{4}$

$\therefore$ বিন্দু দুইটি $(-1, 6)$, $(\dfrac{1}{2}, -\dfrac{3}{4})$

(c) $\int_1^{\sqrt{3}} xf(x)\,dx$ এর মান নির্ণয় কর।

সমাধান : $\int x \tan^{-1} x\, dx$

$= \tan^{-1} x \int x dx - \int \{\dfrac{d}{dx}(\tan^{-1} x) \int x dx\} dx$

$= \dfrac{x^2}{2} \tan^{-1} x - \int \dfrac{1}{1 + x^2} . \dfrac{x^2}{2} dx$

$= \dfrac{x^2}{2} \tan^{-1} x - \dfrac{1}{2} \int \dfrac{1 + x^2 - 1}{1 + x^2} dx$

$= \dfrac{x^2}{2} \tan^{-1} x - \dfrac{1}{2} \int (1 - \dfrac{1}{1 + x^2}) dx$

$= \dfrac{x^2}{2} \tan^{-1} x - \dfrac{1}{2}(x - \tan^{-1} x) + c$

$= \dfrac{1}{2}\{(x^2 + 1)\tan^{-1} x - x\} + c$

$\int_1^{\sqrt{3}} x \tan^{-1} x\, dx = \left[\dfrac{(x^2 + 1)\tan^{-1} x - x}{2}\right]_1^{\sqrt{3}}$

$= \dfrac{(3 + 1)\tan^{-1} \sqrt{3} - \sqrt{3} - (1 + 1)\tan^{-1} 1 + 1}{2}$

$= \dfrac{1}{2}(4.\dfrac{\pi}{3} - \sqrt{3} - 2.\dfrac{\pi}{4} + 1)$

$= \dfrac{1}{2}(\dfrac{4\pi}{3} - \dfrac{\pi}{2} - \sqrt{3} + 1)$

$= \dfrac{1}{2}(\dfrac{8\pi - 3\pi}{6} - \sqrt{3} + 1) = \dfrac{1}{12}(5\pi - 6\sqrt{3} + 6)$

8.




চিত্রে, $y = x$ এবং $y^2 = 4x$ বক্ররেখা পরস্পর O ও A বিন্দুতে ছেদ করে।

(a) $\int \sqrt{1 - \sin x} \cos x dx$ নির্ণয় কর।

সমাধান : ধরি, $I = \int \sqrt{1 - \sin x} \cos x\, dx$

এবং $1 - \sin x = z$ . তাহলে, $-\cos dx = dz$ এবং

$I = -\int z^{\frac{1}{2}} dz = -\dfrac{z^{\frac{1}{2}+1}}{\frac{1}{2} + 1} + c = -\dfrac{2}{3} z^{\frac{3}{2}} + c$

$\therefore \int \sqrt{1 - \sin x} \cos x\, dx = -\dfrac{2}{3}(1 - \sin x)^{\frac{3}{2}} + c$

(b) ছায়া ঘেরা অংশটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $y = x$ হতে $y$ এর মান

$y^2 = 4x$ সমীকরণে বসিয়ে পাই,

$x^2 = 4x \Rightarrow x = 0, 4$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল =




$y_1 = 2\sqrt{x}$ বক্ররেখা ও $y_2 = x$ সরলরেখা এবং $x = 0$ ও $x = 4$ রেখাদ্বয় দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

$= \int_0^4 (y_1 - y_2)\, dx = \int_0^4 (2\sqrt{x} - x)\, dx$

$= \left[2\dfrac{x^{3/2}}{3/2} - \dfrac{x^2}{2}\right]_0^4 = 2 \times \dfrac{2}{3}(4)^{\frac{3}{2}} - \dfrac{4^2}{2}$

$=\frac{32}{3}-8=\frac{32-24}{3}=\frac{8}{3}$ বর্গ একক ।

(c) প্রদত্ত বক্ররেখার A বিন্দুতে অঙ্কিত স্পর্শক ও প্রদত্ত সরলরেখার মধ্যবর্তী কোণ নির্ণয় কর।

**সমাধান ঃ** প্রদত্ত বক্ররেখার A বিন্দুর স্থানাঙ্ক(4,4).

বক্ররেখাকে $x$-এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$y^2 = 4x$

$\therefore \frac{dy}{dx}=\frac{2}{y}$

(4,4) বিন্দুতে $\frac{dy}{dx}=\frac{2}{4}=2$

$\therefore$ (4,4) বিন্দুতে স্পর্শকের সমীকরণ ;

$y-4=2(x-4) \Rightarrow y-2x-4=0$

$m_1=2$ , $m_2=1$

প্রদত্ত বক্ররেখার A বিন্দুতে অঙ্কিত স্পর্শক ও প্রদত্ত সরলরেখার মধ্যবর্তী কোণ,

$\theta=\tan^{-1}\frac{m_1-m_2}{1+m_1m_2}\theta \quad =\tan^{-1}\frac{2-1}{1+2}=\tan^{-1}\frac{1}{3}$

(Ans:)

9.




এককেন্দ্রিক একটি বৃত্ত ও একটি উপবৃত্ত। উপবৃত্তটির সমীকরণ $9x^2+16y^2=144$.

(a) $\int\frac{dx}{1+\sin x}$ নির্ণয় কর।

**সমাধান ঃ** $\int\frac{dx}{1+\sin x}=\int\frac{(1-\sin x)dx}{(1+\sin x)(1-\sin x)}$

$=\int\frac{(1-\sin x)dx}{1-\sin^2 x}=\int\frac{(1-\sin x)dx}{\cos^2 x}$

$=\int(\frac{1}{\cos^2 x}-\frac{\sin x}{\cos^2 x})dx$

$=\int(\sec^2 x-\sec x\tan x)dx$

$=\tan x-\sec x+c$

(b) উপবৃত্তটির $(3,\frac{\sqrt{63}}{4})$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ নির্ণয় কর।

**সমাধানঃ** উপবৃত্তটির সমীকরণ $9x^2+16y^2=144$

ইহাকে $x$-এর সাপেক্ষে অন্তরীকরণ করে পাই,

$18x+32y\frac{dy}{dx}=0 \Rightarrow \frac{dy}{dx}=-\frac{9x}{16y}$

$(3,\frac{\sqrt{63}}{4})$ বিন্দুতে

$\frac{dy}{dx}=-\frac{9.3}{16.\frac{\sqrt{63}}{4}}=\frac{-27}{4.3\sqrt{7}}=-\frac{9}{4\sqrt{7}}$

$\therefore$ প্রদত্ত উপবৃত্তটির $(3,\frac{\sqrt{63}}{4})$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ $y-\frac{\sqrt{63}}{4}=\frac{4\sqrt{7}}{9}(x-3)$ (Ans)

(c) উদ্দীপকের ছায়াঘেরা অংশটির ক্ষেত্রফল নির্ণয় কর।

**সমাধান:**




উপবৃত্তটির সমীকরণ $9x^2+16y^2=144$

$\frac{x^2}{16}+\frac{y^2}{9}=1 \Rightarrow \frac{x^2}{4^2}+\frac{y^2}{3^2}=1 \cdots\cdots$ (i)

$\therefore$ (i) উপবৃত্তের কেন্দ্র O(0,0), OA = 4, OC = 3

$\therefore$ বৃত্তটির কেন্দ্র O(0,0), ব্যাসার্ধ , OA = 4

$\therefore$ বৃত্তটির সমীকরণ, $x^2+y^2=4^2$

$\Rightarrow y^2=16-x^2 \Rightarrow y=\pm\sqrt{16-x^2}$

(i) হতে, $\frac{y^2}{9}=1-\frac{x^2}{16} \Rightarrow y^2=\frac{9}{16}(16-x^2)$

